



নিউ ইয়র্ক সিটির পক্ষ থেকে আধিকারিক বিজ্ঞপ্তি

ইউনাইটেড স্টেটস সেন্সাস ব্যুরোর (United States Census Bureau) কর্মীরা (গণনাকারী) বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে সশরীরে, দরজায় দরজায় ঘুরে জনগণনা সম্পূর্ণ করার কাজ করছেন।

ফেডারেল আইন অনুযায়ী ইউএস জনগণনায় অংশগ্রহণ আবশ্যিক (শিরোনাম 13, অধ্যায় 7, উপ II)।

এই আইন মান্য করার জন্য, সম্পত্তির মালিক ও বিল্ডিং ম্যানেজারদের পক্ষে জনগণনার গণনাকারীদের প্রবেশাধিকার দেওয়া বাধ্যতামূলক।

বিল্ডিং-এ প্রবেশাধিকারের জন্য দায়ী সকল কর্মীকে সেন্সাস ব্যুরোর বর্তমান কর্মপরিচালনার বিষয়ে অবহিত করতে হবে।

এই বছর বসন্তকালে 2020 সালের জনগণনা শুরু হয়েছে, এটা হল যুক্তরাষ্ট্রে বসবাসকারী সব মানুষের একটি আধিকারিক গণনা যা প্রতি 10 বছর অন্তর একবার করা হয়, এবং যুক্তরাষ্ট্রের সংবিধান অনুযায়ী আবশ্যিক। তারপর থেকে দেশ জুড়ে পরিবারগুলি অনলাইনে বা ফোনের মাধ্যমে নিজেরাই জনগণনায় সাড়া দিতে সক্ষম হয়েছেন।

তবে, সকল পরিবার নিজে থেকে জনগণনাটি সম্পূর্ণ করে না। এর প্রতিক্রিয়ায়, ইউএস সেন্সাস ব্যুরো উত্তর না পাওয়ার কারণে ফলো-আপ (Non-Response Follow Up, NRFU) কর্মপরিচালনা সম্পাদন করে, যেখানে গণনাকারীরা দরজায় দরজায় ঘুরে পরিবারগুলির থেকে জনগণনার তথ্য সংগ্রহ করেন। জনগণনার গণনাকারীরা পুরো শহর জুড়ে আগস্টের 6 তারিখ থেকে পরিবারগুলির সঙ্গে সাক্ষাৎ করা শুরু করেছিলেন এবং তা সেপ্টেম্বর 30, 2020 পর্যন্ত চালিয়ে যাবেন।

NRFU সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য:

- যেখানে সম্ভব হবে, গণনাকারীরা সাক্ষাৎকার নেওয়ার আগে সম্পত্তির ম্যানেজারদের সঙ্গে যোগাযোগ করবেন। অনুগ্রহ করে অবহিত থাকুন যে এটা সবসময় সম্ভব হয় না।
- সকল গণনাকারীর পটভূমি ব্যাপকভাবে যাচাই করা হয়েছে এবং আঙুলের ছাপ নেওয়া হয়েছে, এবং ইউএস বাণিজ্য বিভাগ (Department of Commerce) দ্বারা কাজ করার জন্য প্রত্যয়িত হয়েছেন।
- সকল গণনাকারীর কাছে ইউএস বাণিজ্য বিভাগের ওয়াটারমার্ক ও মেয়াদ অতিক্রমের তারিখ এবং ছবি সহ পরিচয়ের ব্যাগ থাকবে। এছাড়াও সকল গণনাকারীর কাছে ইউনাইটেড স্টেটস সেন্সাস ব্যুরোর লোগো সহ একটি ব্যাগ থাকবে, এবং তাদের কাছে থাকা যে কোনো যন্ত্রেও ব্যুরোর লোগোর চিহ্ন দেওয়া থাকবে।
- আপনার বা ভাড়াটীদের যদি ব্যক্তির পরিচয়ের সত্যতা সম্বন্ধে কোনো প্রশ্ন থাকে, তাহলে সেন্সাস ব্যুরোর একজন প্রতিনিধির সঙ্গে কথা বলা এবং তার কর্মসংস্থান নিশ্চিত করার জন্য আপনি 212-882-7100 নম্বরে ফোন করতে পারেন।
- সকল গণনাকারী সামাজিক দূরত্ব বজায় রাখার ওপরে একটি প্রশিক্ষণ সম্পূর্ণ করেছেন। তাদের সবসময় মুখে মাস্ক পরে থাকা, কখনও বাসায় প্রবেশ না করা, এবং সাক্ষাৎকার পরিচালনা করার সময় 6 ফুট দূরে থাকা প্রয়োজন।
- যদি কোনো বাসিন্দা বাসায় না থাকেন, সেই ক্ষেত্রে গণনাকারীরা কীভাবে জনগণনায় সাড়া দিতে হবে সেই বিষয়ে তথ্য সহ একটি নোট দরজায় রেখে আসবেন।
- একটি পরিবার জনগণনা সম্পূর্ণ করার পরে, তথ্যের গুণমান নিশ্চিত করার জন্য অতিরিক্ত সাক্ষাৎ করা হতে পারে।

বাসিন্দারা সাড়া না দিলে, ইউনিটের বাসিন্দাদের বিষয়ে তথ্যের জন্য বিল্ডিং-এর কর্মীদের জিজ্ঞাসা করা হতে পারে। কর্মীদের এই বিষয়ে সহযোগিতা করার জন্য দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়।

কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে NYC সেন্সাসকে (347) 698-1095 নম্বরে ফোন করুন।